



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy55@gmail.com, ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৪.১০.২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

কবি শামসুর রাহমানের ৯৩তম জন্মদিন উদ্ঘাপন



বাংলা সাহিত্যের অন্যতম প্রধান কবি শামসুর রাহমানের ৯৩তম জন্মদিন উদ্ঘাপন উপলক্ষ্যে বাংলা একাডেমি আজ ৮ই কার্তিক ১৪২৮/২৪শে অক্টোবর ২০২১ রবিবার সকাল ১১:০০টায় একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে একক বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করে। স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলা একাডেমির সচিব এ. এইচ. এম. লোকমান। বক্তৃতা প্রদান করেন বিশিষ্ট গবেষক ও কবি অধ্যাপক খালেদ হোসাইন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহুম্মদ নূরুল হুদা। শামসুর রাহমানের কবিতা থেকে পাঠ করেন বাচিকশিল্পী ডালিয়া আহমেদ।

স্বাগত বক্তব্যে এ. এইচ. এম. লোকমান বলেন, শামসুর রাহমান ছিলেন বর্ণাত্য কবিজীবনের অধিকারী। তিনি এবং তাঁর প্রজন্ম আমাদের কবিতাকে আধুনিকতার গভীর ধারার সঙ্গে যুক্ত করেন।

এক বক্তা অধ্যাপক খালেদ হোসাইন বলেন, শামসুর রাহমান তাঁর কাব্যিক উন্নেষণগ্রহণ থেকেই সমসাময়িকদের মধ্যে ছিলেন স্বতন্ত্র। হৃদয়ের আকৃতির সঙ্গে পরিপার্শ্বের কোলাহল তাঁর কবিতায় অপরূপ ব্যাঙ্গনা লাভ করেছে। একান্ত পাঠ-উপযোগিতার পাশাপাশি তাঁর কবিতা হয়ে উঠেছে সর্বত্রগামী। তিনি বলেন, জীবন ও জনতা শামসুর রাহমানের কবিতায় নমিত এবং সোচ্চার ভাষাবিন্যাসে ভাস্বর হয়েছে। দেশীয় এবং পাশ্চাত্য পুরাণের অনন্য ব্যবহারে কবিতাকে তিনি বৈচিত্র্যপূর্ণ করে তুলেছেন। একই সঙ্গে অসমসাহসে ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ এবং শোষণমুক্ত সমাজ ও রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রামে দশকের পর দশক তিনি কাব্যিক লড়াই চালিয়ে গেছেন। কবিতাকে তিনি জনমানুষের হৃদয়ের প্রিয় বিষয়ে পরিণত করেছেন এবং প্রতিরোধের নন্দনকলায় সকল অসুন্দরের বিরুদ্ধে ঝুঁকে দাঁড়ানোর প্রেরণা দিয়ে চলেছেন।

সভাপতির বক্তব্যে কবি মুহুম্মদ নূরুল হুদা বলেন, শামসুর রাহমান আমৃত্যু পক্ষে পদ্ম ফোটানোর সাধনা করেছেন। তাঁর কবিতা বাঙালি জাতিসত্ত্বের কাব্যিক ভাষ্য নির্মাণে ভূমিকা রেখেছে। পাকিস্তান আমল থেকে বাংলা ভাষা, বাঙালি জাতিসত্ত্ব ও সংস্কৃতির বিরুদ্ধে সকল ঘড়িযন্ত্রকে তিনি তাঁর কাব্যিক হাতিয়ার দিয়ে



মোকাবেলা করেছেন। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ এবং এরপর এদেশের সকল গণতান্ত্রিক সংগ্রামে তাঁর কবিতা আমাদের মাঝে উজ্জীবক-অস্ত্র হিসেবে কাজ করেছে। তিনি বলেন, কবি শামসুর রাহমান গেরিলা পদ্ধতিতে আজীবন বাংলা, বাঙালিত্ব এবং মানবতার সংগ্রামে নিজেকে যুক্ত রেখেছেন এবং ক্রমশ হয়ে উঠেছেন চিরজীবিত স্বাধীনতার কবি।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা একাডেমির সহপরিচালক কাজী রোমানা আহমেদ সোমা।

সমীর কুমার সরকার

পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ

বাংলা একাডেমি, ঢাকা